গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-৩৪/২০১৯-২০২০
ঢাকা, ৭ আগস্ট বুধবার ২০১৯, ২৩ শ্রাবণ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বিবিসির সঙ্গে সাক্ষাৎকারে দেশের উন্নয়নসহ নানা বিষয় তুলে ধরেন প্রধানমন্ত্রী
২। ভারতের সাবেক পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ আজ নেই : প্রধানমন্ত্রীর শোক প্রকাশ
৩। লন্ডনে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে বন্যার্তদের জন্য অর্থ সহায়তা
৪। ডেঙ্গু প্রতিরোধে নিজ এলাকায় কার্যকর পদক্ষেপ নিন : এমপিদের প্রতি স্পিকার
৫। ডেঙ্গু নিধন না হলে কেউ রেহাই পাবেন না : দলীয় সভায় সেতুমন্ত্রী
৬। মশা কমলেই ডেঙ্গু নিয়ন্ত্রণ হবে : স্বাস্থ্যমন্ত্রী
৭। গুজব ও ডেঙ্গু ঠেকাতে গণমাধ্যমের ভূমিকা প্রশংসনীয় : তথ্যমন্ত্রী
৮। ঈদুল আজহা উপলক্ষে ১২টি সিটি এলাকায় ৯৬টি পশুর হাট : স্থানীয় সরকার মন্ত্রী
৯। বাণিজ্যমন্ত্রীর সঙ্গে চামড়া ব্যবসায়ীদের বৈঠক :
প্রতি বর্গফুট চামড়ার দাম ঢাকায় ৪৫-৫০, ঢাকার বাইরে ৩৫-৪০ টাকা
১০। ঈদ উপলক্ষে বিআইডব্লিউটিসির বিশেষ স্টিমার ও ফেরি আগামীকাল থেকে
১১। রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে জ্বালানি সরবরাহ চুক্তি স্বাক্ষর
১২। সাশ্রয়ী মূল্যে জ্বালানি সরবরাহের চ্যালেঞ্জ মোকাবিলা করছে সরকার : বিদ্যুৎ প্রতিমন্ত্রী
১৩। প্রকল্প তৈরির আগে অবশ্যই সম্ভাব্যতা সমীক্ষা করতে হবে
পর্যায়ক্রমে সব বড় প্রকল্পে সিসি ক্যামেরা বসানো হবে : পরিকল্পনামন্ত্রী
১৪। শিশু সুরক্ষার ভিত্তি স্থাপন করেন বঙ্গবন্ধু : আইনমন্ত্রী
১৫। কৃষকদের ন্যায্যমূল্য নিশ্চিতকরণে কৃষিমন্ত্রীর আহ্বান

চলমান পাতা-২

১। বিবিসির সঙ্গে সাক্ষাৎকারে দেশের উন্নয়নসহ নানা বিষয় তুলে ধরেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর হেফাজতে নির্যাতন ও অমানবিক কায়দায় অত্যাচারের গুরুতর অভিযোগ নাকচ করে দিয়েছেন। বিবিসি বাংলার সঙ্গে একান্ত সাক্ষাৎকারে তিনি বলেন, এক শ্রেণির মানুষ হেফাজতে মৃত্যুর বিষয়ে অপপ্রচার চালাচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বর্তমানে লন্ডন রয়েছেন। সেখানে তিনি বিবিসি বাংলার মানসী বড়ুয়াকে দেওয়া দীর্ঘ এক সাক্ষাৎকারে গণতন্ত্র, ডিসেম্বরের নির্বাচন, পুলিশি হেফাজতে নির্যাতন, ডেঙ্গু পরিস্থিতি, পদ্মা সেতুতে কাটা মাথা সংক্রান্ত গুজব, বাংলাদেশের অর্থনীতির অবস্থাসহ নানা ইস্যুতে কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৭), **সংবাদ** (পৃ.১,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৬)।

২। ভারতের সাবেক পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ আজ নেই : প্রধানমন্ত্রীর শোক প্রকাশ

ভারতের সাবেক পররাষ্ট্রমন্ত্রী সুষমা স্বরাজ আর নেই। গতকাল (৬ আগস্ট মঙ্গলবার) হৃদরোগে আক্রান্ত হয়ে দিল্লির অল ইন্ডিয়া মেডিকেল ইনস্টিটিউটে মৃত্যুবরণ করেন সুষমা স্বরাজ। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৭ বছর। তাঁর মৃত্যুতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা গভীর শোক প্রকাশ করেছেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ.ক.৫), **সমকাল** (শেষ পৃ.ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.২)।

৩। লন্ডনে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে বন্যার্তদের জন্য অর্থ সহায়তা

লন্ডনে বাংলাদেশ হাইকমিশনে কর্মকর্তারা গতকাল (৬ আগস্ট মঙ্গলবার) প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে বন্যাদুর্গতদের জন্য দুই হাজার পাউন্ড অর্থ সহায়তা প্রদান করেছেন। লন্ডনে বাংলাদেশের হাইকমিশনারের নেতৃত্বে কর্মকর্তারা স্থানীয় সময় বিকেলে লন্ডনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে এ অর্থ সহায়তার চেক হস্তান্তর করেন। হাইকমিশন লেডিস গ্রুপও বন্যাদুর্গত মানুষের সহায়তায় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে এক হাজার পাউন্ড অর্থ সহায়তা প্রদান করে। প্রধানমন্ত্রী অর্থ সাহায্যের চেক গ্রহণকালে বাংলাদেশে বন্যার্তদের সহায়তায় এগিয়ে আসার জন্য তাদের ধন্যবাদ জানান। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.৪)।

৪। ডেঙ্গু প্রতিরোধে নিজ এলাকায় কার্যকর পদক্ষেপ নিন : এমপিদের প্রতি স্পিকার

ডেঙ্গু প্রতিরোধে সংসদ সদস্যদের নিজ নিজ নির্বাচনি এলাকায় কার্যকর পদক্ষেপ নেওয়ার আহ্বান জানিয়ে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের মেয়রদের সঙ্গে ডেঙ্গু প্রতিরোধ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়েছে। সংসদের পক্ষ থেকে দুই সিটি করপোরেশনকে প্রয়োজনীয় সহযোগিতা দেওয়া হবে। গতকাল (৬ আগস্ট মঙ্গলবার) সংবদ ভবন প্রাঙ্গণে পার্লামেন্ট মেম্বার্স ক্লাব আয়োজিত ডেঙ্গু প্রতিরোধ কার্যক্রম অনুষ্ঠানে স্পিকার বলেন, এডিস মশার উৎপত্তি ও প্রজননস্থল ধ্বংসে পরিচ্ছন্নতা কার্যক্রম অব্যাহত রাখতে হবে। ঘর ও বাইরের পরিবেশ পরিচ্ছন্ন রাখতে হবে। স্পিকার আরো বলেন, ডেঙ্গু চিকিৎসা দিতে জাতীয় সংসদের মেডিকেল সেন্টারকে সার্বক্ষণিক প্রস্তুত রাখা হয়েছে। ইতোমধ্যে এখানে ১০০টি ডেঙ্গু শনাক্তকরণ কিট আনা হয়েছে। ঈদের ছুটিতেও এ চিকিৎসা অব্যাহত থাকবে। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **অবজারভার** (পৃ.৮,ক.৬), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

৫। ডেঙ্গু নিধন না হলে কেউ রেহাই পাবেন না : দলীয় সভায় সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ডেঙ্গু পরিস্থিতি এখনো নিয়ন্ত্রণে আসেনি। এটা হলো বাস্তবতা। তাই লোক দেখানো কর্মসূচি পালন বা ফটোসেশন না করে সত্যিকারের পরিচ্ছন্নতায় নামতে হবে। তা না হলে মন্ত্রী-এমপিসহ দায়িত্বপ্রাপ্ত কেউই রেহাই পাবেন না। আমরা চাই, ঢাকা সিটির প্রত্যেকটি ওয়ার্ডে পরিচ্ছন্নতা অভিযান। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এটা জানতে চেয়েছেন। আপনাদের ওপর অর্পিত দায়িত্ব পালন করুন। প্রধানমন্ত্রী কিন্তু বিভিন্ন সংস্থার মাধ্যমে মনিটরিং করছেন। ডেঙ্গু পরিস্থিতি মোকাবিলায় দলীয় নেতাকর্মীদের অনেকের মাঠে না নামার তথ্য তাঁর কাছে রয়েছে বলেও তিনি জানান। গতকাল (৬ আগস্ট মঙ্গলবার) বঙ্গবন্ধু অ্যাভিনিউয়ে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে দলের বিশেষ জরুরি বর্ধিত সভায় তিনি এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ.ক.১), **সংবাদ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.৭), **নিউ নেশন** (শেষ পৃ,ক.৮)।

**৬।	গুজব ও ডেঙ্গু ঠেকাতে গণমাধ্যমের ভূমিকা প্রশংসনীয় : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ বলেছেন, গুজব ও ডেঙ্গু পরিস্থিতি মোকাবিলায় গণমাধ্যমের ভূমিকা প্রশংসনীয়। দেশে কিছুদিন ধরে যে গুজব তৈরি করার চেষ্টা হয়েছিল তার বিরুদ্ধে গণমাধ্যম অত্যন্ত জোরালো ভূমিকা রেখেছে। একই সঙ্গে ডেঙ্গু পরিস্থিতি মোকাবিলা ও জনসচেতনতা বাড়াতেও সকল টিভি চ্যানেল ও পত্রপত্রিকা অত্যন্ত ভালো প্রচার চালাচ্ছে। এ প্রচার কার্যকর করতে সংশ্লিষ্টদের আরও ভূমিকা রাখার আহ্বান জানান তিনি। গতকাল (৬ আগস্ট মঙ্গলবার) সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে অ্যাসোসিয়েশন অভ্ টেলিভিশন চ্যানেল ওনাসের (অ্যাটকো) সঙ্গে বৈঠকের শুরুতে তথ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫)।

**৭।	মশা কমলেই ডেঙ্গু নিয়ন্ত্রণ হবে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, মশা কমলেই কেবল ডেঙ্গু নিয়ন্ত্রণ হবে। নতুন যে ওষুধ আনা হচ্ছে সেটা কাজ করলে ডেঙ্গু নিয়ন্ত্রণে আনা সম্ভব হবে। গতকাল (৬ আগস্ট মঙ্গলবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে 'বিশ্ব মাতৃদুগ্ধ সপ্তাহ' উপলক্ষে উদ্বুদ্ধকরণ অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, মায়ের দুধ শিশুকে সুস্থ-সবল থাকতে সাহায্য করে। এ দুধের বিকল্প নেই। সব শ্রেণিপেশার মানুষকে এর উপকারিতা সম্পর্কে সচেতন করতে হবে। নারীর ক্ষমতায়নের প্রতি লক্ষ্য রাখতে হবে এবং প্রতিটি সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে ব্রেস্টফিডিং করানোর পরিবেশ তৈরি করে দিতে হবে। এ সময় শিশুকে মায়ের দুধ ও ঘরে তৈরি পরিপূরক খাবার খাওয়ানোর অগ্রগতির ধারাকে জোরদার করার আহ্বান জানান তিনি। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.২,ক.৫), **নিউ এজ** (পৃ.৩,ক.২)।

**৮।	ঈদুল আজহা উপলক্ষে ১২টি সিটি এলাকায় ৯৬টি পশুর হাট : স্থানীয় সরকার মন্ত্রী**

ঈদুল আজহা উপলক্ষে এ বছর ১২টি সিটি করপোরেশন এলাকায় ৯৬টি পশুর হাট এবং ২ হাজার ৯৪১টি স্থান পশু-জবেহ এর জন্য নির্ধারণ করা হয়েছে বলে জানিয়েছেন স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম। কোনো ব্যক্তি অনুমতি ব্যতীত কোনো জায়গায় হাট বসালে তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে বলে জানান তিনি। কোরবানির দিন রাত ৯টার মধ্যে বর্জ্য অপসারণ এবং পূর্ব থেকেই বর্জ্য সংগ্রহের ব্যাগেজ সরবরাহের নির্দেশনাও প্রদান করেন তিনি। গতকাল (৬ আগস্ট মঙ্গলবার) সচিবালয়ে স্থানীয় সরকার বিভাগের সভাকক্ষে সিটি করপোরেশন ও পৌরসভাসহ সারাদেশে কোরবানির পশু নির্দিষ্টস্থানে জবেহকরণ ও দ্রুত বর্জ্য অপসারণ সংক্রান্ত এক আন্তঃমন্ত্রণালয় সভায় তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৭), **যুগান্তর** (পৃ.১৯,ক.৬)।

**৯।	বাণিজ্যমন্ত্রীর সঙ্গে চামড়া ব্যবসায়ীদের বৈঠক :**
প্রতি বর্গফুট চামড়ার দাম ঢাকায় ৪৫-৫০, ঢাকার বাইরে ৩৫-৪০ টাকা

ঢাকায় কোরবানির পশুর চামড়ার দাম প্রতি বর্গফুট ৪৫ থেকে ৫০ টাকা এবং ঢাকা ছাড়া সারা দেশে ৩৫ থেকে ৪০ টাকা নির্ধারণ করে দিয়েছে সরকার। গতকাল (৬ আগস্ট মঙ্গলবার) আসন্ন ঈদুল আজহাকে সামনে রেখে চামড়াখাতের ব্যবসায়ীদের সঙ্গে এক বৈঠকে এ দাম ঘোষণা করেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। সূত্র-**বণিক বার্তা** (পৃ.২,ক.৫)।

**১০।	ঈদ উপলক্ষে বিআইডব্লিউটিসির বিশেষ স্টিমার ও ফেরি আগামীকাল থেকে**

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহণ করপোরেশন (বিআইডব্লিউটিসি) নিয়মিত সার্ভিসের পাশাপাশি ঈদের আগে ও পরে ১৩ দিনব্যাপী বিশেষ সার্ভিস পরিচালনা করবে। আগামীকাল ৮ আগস্ট বৃহস্পতিবার এ সার্ভিস শুরু হবে। চলবে আগামী ২০ আগস্ট পর্যন্ত। বিআইডব্লিউটিসির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১৫,ক.৭)।

**১১।	রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রে জ্বালানি সরবরাহ চুক্তি স্বাক্ষর**

রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের জ্বালানি সরবরাহে রাশিয়ান প্রতিষ্ঠান টিভিইএলের সঙ্গে চুক্তি স্বাক্ষর হয়েছে। গতকাল (৬ আগস্ট মঙ্গলবার) রাজধানীর একটি হোটেলে চুক্তিটি স্বাক্ষর হয়। চুক্তির আওতায় বিদ্যুৎকেন্দ্রটিতে জ্বালানি হিসেবে ইউরেনিয়াম সরবরাহ করবে রাশিয়ার এ প্রতিষ্ঠান। বাংলাদেশের পক্ষে বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের চেয়ারম্যান মাহবুবুল হক ও রাশিয়ান ফেডারেশনের রাষ্ট্রীয় প্রতিষ্ঠান টিভিইএল জয়েন্ট স্টক কোম্পানির কমার্শিয়াল ডিরেক্টর ফেদর শকোলভ চুক্তিতে স্বাক্ষর করেন। সূত্র-**বণিকবার্তা** (শেষপৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট**(পৃ.১,ক.৩)।

১২। সাশ্রয়ী মূল্যে জ্বালানি সরবরাহের চ্যালেঞ্জ মোকাবিলা করছে সরকার : বিদ্যুৎ প্রতিমন্ত্রী

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বিপু বলেছেন, সাশ্রয়ী মূল্যে জ্বালানি সরবরাহের চ্যালেঞ্জ সরকার সাফল্যের সঙ্গে মোকাবিলা করছে। বর্তমানে গ্যাসের চাহিদা মোটামুটিভাবে পূরণ করা হচ্ছে। এ বছর শেষে সরবরাহ আরও ভালো অবস্থায় আসবে। গতকাল (৬ আগস্ট মঙ্গলবার) রাজধানীর সোনারগাঁও হোটেলে 'সাউথ এশিয়া এলএনজি ফোরাম ২০১৯' সেমিনারের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৮), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৬), **নিউ নেশন** (পৃ.১,ক.৭)।

১৩। প্রকল্প তৈরির আগে অবশ্যই সম্ভাব্যতা সমীক্ষা করতে হবে
পর্যায়ক্রমে সব বড় প্রকল্পে সিসি ক্যামেরা বসানো হবে : পরিকল্পনামন্ত্রী

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, প্রকল্প তৈরির আগে অবশ্যই সম্ভাব্যতা সমীক্ষা করতে হবে। সঠিক সমীক্ষা ছাড়া প্রকল্প সঠিকভাবে তৈরি করা সম্ভব নয়। প্রকল্পের বাস্তবায়ন বাড়াতে তিন মাস পর পর আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হবে। বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নে বৈদেশিক সহায়তা অংশের অর্থ ব্যয় তুলনামূলক কম হয়। বৈদেশিক সহায়তা অংশের ব্যয় বাড়ানো হবে। গতকাল (৬ আগস্ট মঙ্গলবার) শেরেবাংলানগরের এনইসি সম্মেলনকক্ষে এডিপি বাস্তবায়ন নিয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। তিনি বলেন, প্রকল্পের গুণগত মান নিশ্চিত করতে পর্যায়ক্রমে সব বড় প্রকল্পে সিসি ক্যামেরা বাসানো হবে। ইতোমধ্যে পানিসম্পদ মন্ত্রণালয়ের কিছু প্রকল্পে মনিটরিং শুরু হয়েছে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৪), **সমকাল** (পৃ.১২,ক.২)।

১৪। শিশু সুরক্ষার ভিত্তি স্থাপন করেন বঙ্গবন্ধু : আইনমন্ত্রী

আইন, বিচার ও সংসদ বিষয়কমন্ত্রী আনিসুল হক বলেছেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৪ সালে শিশু আইন প্রণয়ন ও তা কার্যকরের মাধ্যমে বাংলাদেশে শিশু সুরক্ষার ভিত্তি স্থাপন করেছিলেন। এরপর প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার ধাপে ধাপে শিশুদের সুরক্ষার অধিকার নিশ্চিত করছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০০৯ সালে সরকারের দায়িত্ব গ্রহণের পর ২০১০ সালে জাতীয় শিশু শ্রম নির্মূল নীতি প্রণয়ন করে। এরপর ২০১১ সালে সরকার জাতীয় শিশু নীতিমালা প্রণয়ন করে। এরপর ২০১৩ সালে জাতিসংঘ শিশু অধিকার সনদের বিধানাবলী অনুসারে নতুন শিশু আইন প্রণয়ন করে এবং এ আইনের কিছু ধারার অস্পষ্টতা দূরীকরণের জন্য ২০১৮ সালে আইনটি সংশোধন করা হয়। গতকাল (৬ আগস্ট মঙ্গলবার) রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে বাংলাদেশে শিশু সুরক্ষা বিচার ব্যবস্থার সক্ষমতা বৃদ্ধিকরণ প্রকল্পের আওতায় শিশু আইন বিষয়ক এক প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ.ক.৩), **যুগান্তর** (পৃ.১৭,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২), **নিউজ টুডে** (পৃ.৩,ক.১)।

১৫। কৃষকদের ন্যায্যমূল্য নিশ্চিতকরণে কৃষিমন্ত্রীর আহ্বান

কৃষকদের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য নিশ্চিতকরণে কৃষি বিপণন অধিদফতরের কর্মকর্তাদের আরও দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান করেছেন কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক। অধিদফতরের নবীন কর্মকর্তাদের বাজার গবেষণা কাজে আরও সম্পৃক্ত হওয়ার আহ্বান জানান। গতকাল (৬ আগস্ট মঙ্গলবার) রাজধানীর খামারবাড়িতে কৃষি বিপণন অধিদফতর কার্যালয় পরিদর্শন করে এক মতবিনিময় সভায় এ আহ্বান জানান। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.৬), **সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১৪,ক.৬), **ডেইলি সান** (পৃ.১৫,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** ট্রাফিক জরিমানার টাকা পরিশোধ করার ক্ষেত্রে ই-ক্যাশ সিস্টেম চালু হয়েছে উল্লেখ করে এ সংক্রান্ত ভোগান্তি লাঘবে তা সহায়ক হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **যায়যায়দিন :** ঢাকার দুই সিটি করপোরেশন এলাকায় বর্ষা শুরুর আগে এডিস মশার সংখ্যা যা ছিল, এখন তা বেড়েছে ১৩ গুণেরও বেশি এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে ডেঙ্গুসংক্রান্ত পরিস্থিতি নিরসনে সংশ্লিষ্টদের সর্বাত্মক প্রচেষ্টা চালানোর সুপারিশ।

গ. **যুগান্তর :** দেশের প্রতিটি ঘরে বিদ্যুৎসেবা পৌঁছে দিতে সরকারের নানামুখী উদ্যোগের অংশ হিসেবে অ্যাডভান্সড মিটারিং ইনফ্রাস্ট্রাকচার প্রকল্প হাতে নেওয়ার বিষয়টি ইতিবাচক উল্লেখ করে এ স্মার্ট প্রিপেইড মিটার স্থাপনে যে অনিশ্চয়তা সৃষ্টি হয়েছে তা দূর করতে যথাযথ পদক্ষেপ নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **সংবাদ :** পুলিশের নির্দেশনার পরও সড়ক-মহাসড়কে পশুবাহী ট্রাক আটকে চাঁদা আদায় থেমে নেই উল্লেখ করে এ অনাচার বন্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার দাবি।

ঙ. **জনকণ্ঠ :** এবার ২ হাজার ৭৪৩ শিক্ষা প্রতিষ্ঠানকে এমপিওভুক্ত করার তালিকা প্রস্তুত করেছে সংশ্লিষ্ট মন্ত্রণালয় উল্লেখকরে যাদের এমপিওভুক্ত করা হচ্ছে তাদের ব্যাপারে আরও পর্যবেক্ষণ জরুরি বলে মত প্রকাশ।

চ. **নিউজ টুডে :** সাভারে স্থানান্তরিত ট্যানারি কারখানার বর্জ্যে ধলেশ্বরী নদী দূষিত হয়ে পড়ছে উল্লেখ করে এখানে যথাযথ বর্জ্য ব্যবস্থাপনা গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** ডায়াবেটিস প্রতিরোধে সচেতনতার আহ্বান।

উপসম্পাদকীয়

ভোরের কাগজ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, রাজধানীসহ দেশজুড়ে যাতে ডেঙ্গুর-আক্রমণে আর একটিও মৃত্যু না ঘটে সেজন্য জরুরিভিত্তিতে সর্বাত্মক অভিযান চালাতে হবে।

নিবন্ধ ও ফিচার

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত **'বায়ুদূষণ : আত্মসচেতনতাই সমাজ চেতনার অনুঘটক'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, আমাদের সামান্য সতর্কতা আর সচেতনতা পারে বায়ুদূষণ প্রতিরোধ করতে।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা